MAY 29 2002

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



# কাপাসিয়ায় পোল্ট্রি ফার্মে আলিম ফাজিল পরীক্ষার ভেন্যু!

কাপাসিয়া প্রতিনিধি

উপজেলার বেলাশী সিনিয়র মাদ্রাসার আলিম-ফাজিল পরীক্ষা কেন্দ্রের একটি ভেন্যু পোল্ট্রি ফার্ম। আশ্চর্যের হলেও সত্যি নামসর্বস্ব আফসারুল উলুম ফোরকানিয়া মাদ্রাসার পরীক্ষা নেয়া হচ্ছে পোল্ট্রি ফার্মে। ছাত্র-শিক্ষক ও এলাকাবাসীর গুরুতর অভিযোগের পরিপ্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন করে দেখা যায় পাবলিক পরীক্ষা সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ডের নিয়মনীতিকে সম্পূর্ণ বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে বেলাশী মাদ্রাসার মাত্র ২০০ গজ দূরে পোল্ট্রি ফার্মে ভেন্যু স্থাপন করে আলিম-ফাজিল পরীক্ষা নেয়া হচ্ছে। বেলাশী মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আব্দুর রহমানের বাড়ির আঙিনায় তৈরি করা তার নিজস্ব পোল্ট্রি ফার্মকেই আফসারুল উলুম ফোরকানিয়া মাদ্রাসা নামে ছোট সাইনবোর্ড টাঙিয়ে ভেন্যু হিসাবে পরীক্ষা নেয়া হচ্ছে। জানা যায়, গত ২০০০ সালের প্রথমদিকে আওয়ামী লীগ সরকারের সাবেক প্রতিমন্ত্রী ও এমপি অ্যাডভোকেট আফসার উদ্দিন আহম্মেদ খানকে দিয়ে সুকৌশলে বেলাশী মাদ্রাসায় আফসারুল উলুম ফোরকানিয়া ও হাফিজিয়া মাদ্রাসার টিনশেড বিল্ডিংয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করে এর উদ্বোধন করেন তারই সহধর্মিণী বেগম আফসার। গত প্রায় তিন বছর ধরে বেলাশী [illegible] আফসারুল উলুম স্থানে ছিল। কিন্তু পরীক্ষার আগের দিন রাতে তড়িঘড়ি করে সাইনবোর্ড খুলে পোল্ট্রি ফার্ম স্থাপন করা হয়। ফার্মের মোরগ অন্যত্র সরিয়ে ভাঙা টিনে বাঁশের বেড়া দিয়ে রাতারাতি পোল্ট্রি ফার্মকে আফসারুল উলুম ফোরকানিয়া মাদ্রাসা ও আলিম ফাজিল পরীক্ষা কেন্দ্র (ভেন্যু) তৈরি করা হয়। পোল্ট্রি ফার্মে মাদ্রাসার পরীক্ষা নেয়ায় ছাত্র-শিক্ষক ও এলাকাবাসীর মধ্যে তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। কাপাসিয়া প্রেসক্লাবের সাংবাদিকরা কেন্দ্রে উপস্থিত হলে দৌড়ে আসেন এলাকার কলেজ ছাত্র বেলায়েত, বয়োবৃদ্ধ আবদুল মজিদ ও নাম প্রকাশে অনিচ্ছুক পরীক্ষার্থীদের কয়েকজন অভিভাবক। তারা অধ্যক্ষের নিজস্ব পোল্ট্রি ফার্মকে রাতারাতি পরীক্ষার ভেন্যু করায় ক্ষোভ প্রকাশ করেন। তারা আরও অভিযোগ করেন অধ্যক্ষ বেলাশী মাদ্রাসার ১১৮ জন ছাত্রছাত্রীর কাছ থেকে ফ্যাসিলিটিজ ফি বাবদ ৩০০ টাকা এবং বাইরের মাদ্রাসার পরীক্ষার্থীদের কাছ থেকে ৫০০ টাকা করে আদায় করেছেন।

এ ব্যাপারে বেলাশী মাদ্রাসার অধ্যক্ষ এবং কেন্দ্র সচিবকে জিজ্ঞেস করলে তিনি টাকা নিয়েছেন বলে স্বীকার করেন। তবে সকলের ফ্যাসিলিটিজ ফি বাবদ নয়, অধ্যক্ষের বাড়ির আঙিনায় কেন্দ্রের ভেন্যু প্রসঙ্গে তিনি বলেন, প্রশাসন নিয়মমাফিক ভেন্যু দিয়েছে [illegible]